

# ঢাকার ইলেক্ট্রো

ডঃ খায়রুল হক চৌধুরী

এই নভেম্বরে এসে আমরা সবাই অশান্ত  
দীঘ 'পথ-পরিক্রমায়;  
তোমার সাথে আমরা এই বিশাল জনপদের বাসিন্দারা।  
আর কিছু নয়, একটু আশা  
এই দীঘ 'কলংকিত consciousness এর চাই অবসান।

তোমার পিতাকে হারানো দুঃখবোধের নেই কোন private space  
ধানমন্ডি, সৎসন্ধবন, নীল-আকাশ, উষন-দিন, জনাকীন রাজপথ বা  
মহানগরী ঢাকা -

মনে হয় কোথাও কোন private space নেই;  
যেখানে তোমার হৃদয়ের রক্তক্ষরণকে বাহিরে নিয়ে আসতে পার!  
কোন বিস্ময়ের নেই কোন অবকাশ  
পিতার খুনী গ্রেহাউন্ডরা  
তাদের প্রভূর অনুকূলে লেজ নেড়ে  
লকলকে জিহবা নিয়ে  
তোমাকেও খুন করতে উদ্দত।  
গ্রেহাউন্ডরা তাদের প্রভূর আদেশে জাতিকে আবারও জিঞ্চি করতে চায়।

পিতৃত্যার আসামী জানোয়ারদের মানবিক এবং সত্য বিচারের জন্য আমরা এত দিন  
অপেক্ষা করেছি।

তোমার সাথে আমরা আশা করব সেই উরদী পরা সংগীনধারী জন্মদের মানবিক ব্যবহারে হবে  
তাদের পশুসুলভ আচরনের অবসান।  
তাইতো তুমি সাধন করতে ব্রতী; ঢাকার ইলেক্ট্রো।

সিডনী ২৫ নভেম্বর ২০০৯।